

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৫. মৃত্যুর পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহর সম্মান দেওয়া প্রসঙ্গে।

باب ما أكرم الله تعالى نبيه صلى الله عليه وسلم بعد موته

আরবী

حَدَّثَنَا أَبُو النُّعْمَانِ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ زَيْدٍ، حَدَّثَنَا عَمْرُو بْنُ مَالِكِ النُّكْرِيِّ، حَدَّثَنَا أَبُو
الْجَوْزَاءِ أَوْسُ بْنُ عَبْدِ اللَّهِ، قَالَ: قُحِطَ أَهْلُ الْمَدِينَةِ قَحْطًا شَدِيدًا، فَشَكُوا إِلَى عَائِشَةَ
فَقَالَتْ: " انظُرُوا قَبْرَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاجْعَلُوا مِنْهُ كِوَى إِلَى السَّمَاءِ حَتَّى لَا
يَكُونَ بَيْنَهُ وَبَيْنَ السَّمَاءِ سَقْفٌ. قَالَ: فَفَعَلُوا، فَمُطِرْنَا مَطْرًا حَتَّى نَبَتَ الْعُشْبُ، وَسَمِنَتِ
الْإِبِلُ حَتَّى تَفْتَقَتْ مِنَ الشَّحْمِ، فَسُمِّيَ عَامَ الْفَتْحِ

رجاله ثقات وهو موقوف على عائشة

বাংলা

৯৩. আবু জাওয়াআ আওস ইবনু আব্দুল্লাহ রাহিমাহুল্লাহ বলেন, একবার মদীনাবাসী ভীষণ অনাবৃষ্টির কবলে পড়েছিল। লোকজন আয়িশা রাহিয়াল্লাহু আনহার নিকট অভিযোগ করলে তিনি বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কবরের দিকে দেখ, আর তাতে আসমানের দিকে একটি ফুটো করে দাও, যেন আসমান ও তাঁর মাঝে কোনো আচ্ছাদন না থাকে। তিনি বলেন, তখন তারা তা-ই করলো। ফলে মুষলধারে বৃষ্টিপাত শুরু হল। সেই বৃষ্টিতে এত বেশি ঘাস জন্মেছিল যে, উটগুলো তা খেয়ে বেশ মোটাতাজা হয়ে গিয়েছিল। তাদের পেট চর্বিতে ফুলে গিয়েছিল। ফলে সেই বছরের নামকরণ করা হয়েছিল 'উর্বরতার বছর'।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। আর তা আয়েশার কথা হিসেবে মাওকুফ। (তবে শাইখ আলবানী মিশকাতের তাহক্বীকে (কিতাবুল ফাযাইল ওয়াশ শামাইল, বাবুল কারামাত, নং ৫৯৫০) বলেন, যয়ীফ। শাইখুল ইসলাম ইবনু তাইমিয়া একে বাতিল বলে তাহক্বীক করেছেন...।" -অনুবাদক)

তাখরীজ: এটি আর কোথাও আমি পাইনি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69404>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন